

রেজিস্টার্ড নং ডি এ-১      “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূল্য সংযোজন কর ]  
বিশেষ আদেশ

নং ১১/মূসক/২০২১— তারিখ : ০১ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ/১৫ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় :    ঢাকাস্থ নেপাল দূতাবাস কর্তৃক আয়োজিত “জাতির পিতার জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়তা”  
অনুষ্ঠানে ব্যয়ের উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

যেহেতু, “জাতির পিতার জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়তা” অনুষ্ঠানে যোগদানের উদ্দেশ্যে  
নেপালের মহামান্য রাষ্ট্রপতি ২২-২৩ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে বাংলাদেশে রাষ্ট্রীয় সফর করিয়াছেন; এবং

যেহেতু, পারস্পরিক সুবিধা দানের নীতি “Principle of Reciprocity” অনুসারে ঢাকাস্থ নেপাল দূতাবাস  
কর্তৃক তাহার সমানে ২৩ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে আয়োজিত অনুষ্ঠানের ব্যয়ের উপর মূল্য সংযোজন কর  
অব্যাহতি প্রদানের জন্য পরবর্তী মন্ত্রণালয় হইতে অনুরোধ করা হইয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন)  
এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, ঢাকাস্থ নেপাল দূতাবাস কর্তৃক “জাতির পিতার  
জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়তা” উদ্যাপন উপলক্ষ্যে নেপালের মহামান্য রাষ্ট্রপতির সমানে আয়োজিত  
অনুষ্ঠানে Le Meridian Hotel এবং উহার সহযোগী প্রতিষ্ঠান Sign and Design হইতে গৃহীত সংশ্লিষ্ট সেবার উপর  
প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা হইল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রেজাউল হাসান

দ্বিতীয় সচিব।

মুসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফ্রম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(৯৭১৩)

মূল্য : টাকা ৪.০০